

সংবাদ প্রতিদিন, মঙ্গলবার ১৪ জুলাই ২০২০

আর্থিক স্বাচ্ছন্দ্য পেয়ে ইস্টবেঙ্গল আইএসএল খেলুক কুশল

স্টাফ রিপোর্টার : “তাড়াহড়োর কী আছে? ইস্টবেঙ্গল আইএসএল খেলুক আমরাও চাই। এবছর যদি নিয়ম-কানুন পালন করতে অক্ষম হয় তাহলে পরের বছর খেলবে। আসলে আমি চাই আর্থিক স্বাচ্ছন্দ্য পাওয়ার পর ইস্টবেঙ্গল আইএসএল খেলুক” বেঙ্গল চেয়ার অব কমাৰ্সের উদ্যোগে এক ওয়েবিনাৰ-এ একথা বলেন ফুটবল ফেডারেশনের সচিব কুশল দাস। এই বক্তব্যে কুশল বোঝালেন এবছর ইস্টবেঙ্গলের আইএসএল প্লো নিয়ে তিনিয়ে দিয়েছেন, আগামী পাঁচ বছরের মধ্যে জাতীয় কোচ হিসাবে একজন ভারতীয়কে দেখতে চান।



কুশল দাস

“আমরা বেশ কিছু কোচকে নির্বাচন করে জার্মানি বা মেদারল্যান্ডে পাঠাব।

তাঁরা সেখান থেকে কোচিং নিয়ে এসে ভারতীয় ফুটবলকে সহজ করবেন।” জানান কুশল। এবছর আইএসএল গোয়ায় ও আই লিগ কলকাতায় হবে। ওয়েবিনাৰে ছিলেন ফেডারেশনের সহ-সভাপতি সুৱত দত্ত। তাঁর মতে, “তগমূল স্তরে ফুটবলার তুলে আনার যাবতীয় চেষ্টা চালানো হচ্ছে। জুনিয়র আই লিগ খেলে ২০২ দল। বেবি লিগ খেলে প্রায় চার হাজার দল। আশা কৰছি, এবাৰ আমরা নিজেদেৱ যোগ্যতায় জুনিয়র বিশ্বকাপ খেলতে পাৰব।” মুখ্যমন্ত্ৰী মমতা বন্দ্যোপাধ্যায়কে সেন্টার অব এক্সেলেন্সের জন্য ১৫ একর জমি দেওয়ায় ধন্যবাদ জানান সুৱত।